The Bangladesh Monitor - A Premier Travel Publication

# দুবাইয়ে ওয়ার্ল্ড এক্সপো ভিজিটের জন্য এমিরেটসের ফ্রি পাস

- A Monitor Desk Report Date: 11 August, 2021




দুবাইঃ এতদ্বাঞ্চলের সর্ববৃহৎ প্রদর্শনী- এক্সপো ২০২০ দুবাই ভিজিট করার জন্য ফ্রি-পাস পাবেন এমিরেটস যাত্রীরা। ১ অক্টোবর ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত অনুষ্ঠিতব্য এই মেগা ইভেন্টের প্রিমিয়ার পার্টনার ও অফিসিয়াল এয়ারলাইনের দায়িত্ব পালন করছে এমিরেটস।

দুবাই বা ভায়া দুবাই ভ্রমনকারী এমিরেটস যাত্রীদের প্রতি টিকিটের বিপরীতে সারা দিনের জন্য একটি করে ফ্রি পাস দেয়া হবে। সকল শ্রেনীতে ভ্রমনকারী যাত্রীরা এই সুবিধা পাবেন।

আগামী ১ অক্টোবর, ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ দুবাই বা ভায়া দুবাই ভ্রমনের জন্য রিটার্ন টিকিটের ক্ষেত্রে এই অফার প্রযোজ্য হবে। এমিরেটসের যে কোন গন্তব্যে ভায়া দুবাই ভ্রমনের জন্য এমিরেটসের মাধ্যমে ক্রয়কৃত ফ্লাই দুবাই ফ্লাইটের টিকিটের ক্ষেত্রেও এ সুবিধা দেওয়া হবে। তবে দুবাইয়ে ফ্লাইট সংযোগ সময় হতে হবে নূন্যতম ৬ ঘন্টা। নূন্যতম সংযোগ সময় চাহিদা পূরন হলে সংযুক্ত আরব আমিরাতের বাইরের কোন গন্তব্যে থেকে ভায়া দুবাই ভ্রমনের জন্য ওয়ান-ওয়ে টিকিটধারীরাও ফ্রি এক্সপো পাস পাবেন।

অন্যদিকে, এমিরেটস ও ফ্লাই দুবাইয়ের লয়্যালিটি প্রোগ্রাম- এমিরেটস স্কাইওয়ার্ডস সদস্যদের জন্যও রয়েছে আলাদা অফার। ১ অক্টোবর ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত দুবাইয়ে কাটানো প্রতি মিনিটের জন্য এক স্কাইওয়ার্ডস মাইল বা পয়েন্ট দেওয়া হবে। এ জন্য সদস্যদের ৩১ মার্চ ২০২২ এর পূর্বে এমিরেটস ওয়েবসাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। এক্সপো কালে ভ্রমনের জন্য ১ আগস্ট ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ এর মধ্যে ক্রয়কৃত সকল এমিরেটস ফ্লাইট টিকিটের জন্য অফারটি প্রযোজ্য। এমিটেস ফ্লাইট নম্বর (ইকে) নিয়ে পরিচালিত ফ্লাই দুবাই ফ্লাইটের টিকিটেও এ সুবিধা থাকছে।

এমিরেটস বর্তমানে বিশ্বের ১২০টির অধিক গন্তব্যে চলাচল করছে। ঢাকা থেকে পরিচালিত হচ্ছে ১৭টি সাপ্তাহিক ফ্লাইট।